



কাকরাইলে জাতীয় পার্টির সমাবেশে সংঘর্ষ, সাউন্ড গ্রেনেড বিস্ফোরণ



সংগৃহীত ছবি

রাজধানীর কাকরাইলে জাতীয় পার্টির কর্মী সমাবেশে বাধা দেয় পুলিশ। অনুমতি ছাড়া জনসমাগম ও যান চলাচলে বিঘ্ন ঘটায় জলকামান ও সাউন্ড গ্রেনেড ব্যবহার করে সমাবেশ ছত্রভঙ্গ করা হয়। তবে হতাহতের খবর মেলেনি, এলাকায় উত্তেজনা বিরাজ করছে।

শনিবার (১১ অক্টোবর) বিকেল পৌনে চারটার দিকে কাকরাইল মোড়ে জাতীয় পার্টির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে কর্মী সমাবেশে বাধা দেয় পুলিশ। প্রত্যক্ষদর্শীরা জানান, বিপুল সংখ্যক নেতাকর্মী জড়ো হলে পুলিশ ব্যারিকেড দেয় এবং ধাক্কাধাক্কির একপর্যায়ে সাউন্ড গ্রেনেড ও জলকামান ব্যবহার করে।

পুলিশের দাবি, অনুমতি ছাড়া সড়কে সমাবেশ করায় যান চলাচলে বিঘ্ন ঘটে, তাই পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ব্যবস্থা নেওয়া হয়। তবে কেউ আহত হয়নি বলে জানায় পুলিশ।

অন্যদিকে, জাতীয় পার্টির নেতাকর্মীদের অভিযোগ, তারা শান্তিপূর্ণভাবে সমাবেশ করছিলেন; কিন্তু পুলিশ হঠাৎ জলকামান ও সাউন্ড গ্রেনেড ছুড়ে আক্রমণ চালায়। তারা বলেন, শান্তিপূর্ণ পরিবেশে উসকানিমূলক আচরণ করেছে আইনশৃঙ্খলা বাহিনী।

ঘটনার পর কাকরাইল ও আশপাশের এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। পরিস্থিতি আপাতত নিয়ন্ত্রণে থাকলেও এলাকায় উত্তেজনা বিরাজ করছে।